দৈনিক
জনকণ্ঠ

23 APR 2003
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

# প্রফেসর জুনাইদ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের অতিরিক্ত দায়িত্বে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক হিসাবে দায়িত্ব দেয়া হয়েছে। শিক্ষা বোর্ড চেয়ারম্যানের পাশাপাশি তিনি এই পদে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। মঙ্গলবার সরকার শূন্য পদে প্রফেসর জুনাইদকে এই দায়িত্ব দেয়। গতকাল দুপুরেই তিনি দায়িত্ব গ্রহণ করেন। এর আগে অধ্যাপক আব্দুর রশীদ মহাপরিচালকের দায়িত্বে ছিলেন। কিন্তু তাঁর মেয়াদ গত জানুয়ারি মাসে শেষ হলে পদটি শূন্য হয়ে পড়ে। পরে এক সপ্তাহের জন্য দায়িত্ব পালন করেন অধ্যাপক কবীর উদ্দিন আহমেদ। এরপর ভারপ্রাপ্ত হিসাবে দায়িত্ব পালন করেন অধিদফতরের পরিচালক মোঃ সালাহউদ্দিন। অবশেষে প্রফেসর মোহাম্মদ জুনাইদকে অধিদফতরের মহাপরিচালকের দায়িত্ব দেয়া হলো।

এদিকে প্রফেসর জুনাইদকে এই দায়িত্ব দেয়ায় বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কাজী আব্দুর রাজ্জাক ও সাধারণ সম্পাদক মোঃ সেলিম ভূঁইয়া এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি মোঃ উবায়দুর রহমান ও সাধারণ সম্পাদক কফিল উদ্দিন পৃথক বিবৃতিতে অভিনন্দন জানিয়েছেন।